

## ভ্রমণ খাতে বিনিয়োগকারীদের আগ্রহ বেশি

- A Monitor Desk Report

Date: 31 August, 2023



দেশের পুঁজিবাজারে সূচকের উত্থানের মধ্য দিয়ে বুধবার (৩০ আগস্ট) লেনদেন শেষ হয়েছে। সেই সঙ্গে আগের দিনের তুলনায় টাকার অঙ্কে লেনদেন বেড়ে ৪০০ কোটি টাকা ছাড়িয়েছে।

এদিন ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) লেনদেনে অংশ নেয়া বেশির ভাগ কোম্পানির শেয়ার ও ইউনিট দর অপরিবর্তিত ছিল। সূচক উত্থানে বিনিয়োগকারীদের আগ্রহ ও কেনার চাপ বেশি ছিল ভ্রমণ ও অবকাশ খাত। ফলে এদিন এ খাতে দর সবচেয়ে বেশি বেড়েছে।

আরও পড়ুন: [সুন্দরবন ভ্রমণ পিপাসুদের জন্য সুখবর](#)

ভ্রমণ ও অবকাশ খাতের শেয়ারদর বেড়েছে ১ দশমিক ৮০ শতাংশ। এ খাতে মোট ৪টি কোম্পানির শেয়ার লেনদেন হয়েছে। লেনদেন হওয়া শেয়ারের মধ্যে ১টির দর বেড়েছে এবং ১টির দর কমেছে। দ্বিতীয় স্থানে ছিল আইটি খাতের শেয়ার। খাতটিতে শেয়ারদর বেড়েছে শূন্য দশমিক ৯০ শতাংশ। শূন্য দশমিক ৬০ শতাংশ শেয়ারদর বেড়ে তৃতীয় স্থানে ছিল সাধারণ বিমা খাত। গতকাল টেলিকমিউনিকেশন, মিউচুয়াল ফান্ড, ব্যাংক, সিরামিক এবং আর্থিক খাতে শেয়ারদর বৃদ্ধির বা কমানোর কোনো পরিবর্তন হয়নি।

-B